**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 07-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Operation sindoor:

বুধবার মধ্য রাত থেকে ভারতীয় সশস্ত্র বাহিনী পাকিস্তান এবং পাক-অধিকৃত কাশ্মীর (PoJK) জুড়ে নয়টি সন্ত্রাসী শিবির লক্ষ্য করে 'অপারেশন সিন্দুর' শুরু করেছে।

ভারতের বিরুদ্ধে হামলার পরিকল্পনা এবং বাস্তবায়নে সক্রিয়ভাবে জড়িত সন্ত্রাসী শিবিরগুলিকে নিষ্ক্রিয় করার লক্ষ্যে এই অভিযান চালানো হয়।

**************

## Mock drill:

দেশের অসামরিক প্রতিরক্ষা প্রস্তুতি মূল্যায়নের জন্য আজ  দেশের ২৪৪টি শ্রেণীবদ্ধ সিভিল ডিফেন্স জেলা জুড়ে সিভিল ডিফেন্স মহড়া বা মক ড্রিল অনুষ্ঠিত হবে। গ্রাম স্তর পর্যন্ত এই মহড়া পরিচালনার পরিকল্পনা করা হয়েছে।

********************

## Mock drill: State

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে আপদকালীন ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত মহড়ার নির্দেশের পরিপ্রেক্ষিতে গতকাল সচিবালয়ে মুখ্য সচিবের পৌরহিত্যে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়, আজ বিকাল ৪টায় স্টেট ইমার্জেন্সি অপারেশন সেন্টার আগরতলা এবং আটটি জেলার ইমারজেন্সি অপারেশন সেন্টার থেকে একই সঙ্গে সাইরেন বাজানো হবে। দু'মিনিটের জন্য সাইরেন বাজবে। ইমারজেন্সি অপারেশন সেন্টারের পাশাপাশি

বিভিন্ন ঝুঁকিপূর্ণ এলাকাতেও সাইরেন বাজানো হবে। এরমধ্যে শহরাঞ্চল, গুরুত্বপূর্ণ স্থাপনা, সীমান্ত এলাকা, জনবহুল এলাকা, বাজার, টেলিকমিউনিকেশন প্রতিষ্ঠান, হাসপাতাল, রেললাইন, বিদ্যুৎ কেন্দ্র, সেতু, বিমানবন্দর ইত্যাদি এলাকায় সাইরেন বাজানোর সঙ্গে সঙ্গে জনসাধারণকে নিরাপদ জায়গায় নিয়ে যাওয়া হবে। বৈঠকে আরো সিদ্ধান্ত নেওয়া হয় চারটা কুড়ি মিনিট থেকে পাচটা ৩০ মিনিট পর্যন্ত উদ্ধার কার্য চলবে। ৫টা ৩২ মিনিটে দুই মিনিটের জন্য ব্ল্যাকআউট করা হবে। পুরো মহড়া চলবে ছয়টা ৩০ পর্যন্ত।

********************

## Sushanta Choudhury :

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, পুঁথিগত শিক্ষা অর্জন করার পাশাপাশি ছাত্রছাত্রীরা মানুষের মতো মানুষ হতে পারলেই দেশ ও সমাজের উন্নতি, অগ্রগতি সম্ভব। গতকাল রাণীরবাজার শিশু নিকেতন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানে একথা বলেন তিনি।

*********************

## Bikash Debbarma :

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল মুঙ্গিয়াকামি বাজারস্থিত রামকৃষ্ণপুর এডিসি ভিলেজ কার্যালয়ে এক প্রশাসনিক শিবিরের উদ্বোধন করে বলেন বহু স্কুলপড়ুয়া ছাত্রছাত্রী এতদিন পর্যন্ত প্রয়োজনীয় সরকারি নথিপত্রের অভাবে বিভিন্ন সরকারি সুবিধা, বিশেষ করে শিক্ষাবৃত্তি থেকে বঞ্চিত হচ্ছিল। এই সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যেইএই শিবিরের আয়োজন। তিনি বলেন সরকারের নৈতিক দায়িত্বই হল সমাজের প্রান্তিক মানুষদের উন্নয়নে সহায়তা করা।

*****************

**Blood Donation-Gomoti :**

উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুলের উদ্যোগে গতকাল জাতীয় সেবা প্রকল্পের সাতদিন ব্যাপি কর্মসূচির সমাপ্তি দিনে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। শিবিরে ৭ জন মহিলা সহ ২৫ জন স্বেচ্ছায় রক্ত দান করেন।

*******************

**Blood Donation :**

আগরতলার ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলে এনএসএসের উদ্যোগে আজ থেকে সাতদিন ব্যাপী শিবির শুরু হয়েছে। প্রথম দিনেই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, রাজ্যে উৎসবের মেজাজে মানুষ রক্তদান করছেন।

*******************

**Khelo india:**

খেলো ইন্ডিয়া যুব গেমসে মহারাষ্ট্র  ছয়টি স্বর্ণ এবং মোট ১৯টি পদক জিতে শীর্ষস্থানে পৌঁছেছে।

রাজস্থান  ছয়টি স্বর্ণ, একটি রৌপ্য এবং একটি ব্রোঞ্জ নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে। কর্ণাটক পাঁচটি স্বর্ণ সহ ১৮টি পদক জিতে পদক তালিকার তৃতীয় স্থানে রয়েছে।

ফুটবলে ঝাড়খণ্ডের ছেলেরা গত সন্ধ্যায় বারাউনি রিফাইনারি স্টেডিয়ামে এক কঠিন লড়াইয়ে দিল্লিকে ১-0 গোলে পরাজিত করেছে। বেগুসরাইয়ে একতরফা খেলায় মিজোরাম দল বিহারকে ৬-১ গোলে পরাজিত করেছে।

*******************

## Super Four Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরে দুটি খেলা গতকাল থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে পোলস্টার ক্লাবের বিরুদ্ধে দুদিনের খেলায় প্রথমে ব্যাট করতে নেমে ওল্ড প্লে সেন্টার প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭৪ রান করে। জবাবে পোলস্টার ক্লাব প্রথম ইনিংসে দিনের শেষে ১ উইকেট হারিয়ে ১৫ রান করে। টি আই টি মাঠে দুদিনের অপর খেলায় শতদল সংঘের বিরুদ্ধে প্রথমে ব্যাট করতে নেমে কসমোপলিটান ক্লাব ১৭৩ রানে সবাই আউট হয়ে যায়। জবাবে শতদল প্রথম ইনিংসে দিনের শেষে কোন উইকেট না হারিয়ে ৩১ রান করে।

*******************

## Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যে সবকটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩0 থেকে ৪0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর| কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। আজ  তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকার সম্ভবনা রয়েছে এবং আজ সকালে  সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৭ ডিগ্রি সেলসিয়াস|

********************